**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 09.08.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের মরোণত্তর দেহদান প্রক্রিয়া আজ সম্পন্ন হয়েছে। অসংখ্য মানুষ চোখের জলে তাঁকে শেষ বিদায় জানান।

২) ঝাড়গ্রাম জেলায় আড়াই লক্ষ বাড়িতে পরিশ্রুত পানীয় জল পৌঁছে যাবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। তিনি আজ সেখানে বিশ্ব অদিবাসী দিবসের মূল অনুষ্ঠানে যোগ দেন।

৩) নাগরিকদের মধ্যে দেশপ্রেমের বোধ জাগ্রত করতে আজ থেকে শুরু হয়েছে হর ঘর তিরঙ্গা অভিযান।

৪) কলকাতার আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে এক মহিলা ডাক্তারের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় বিরোধী দলগুলি নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে। গঠন করা হয়েছে ১১ সদস্যের তদন্ত কমিটি। মৃত্যুর প্রতিবাদে স্নাতকোত্তর পড়ুয়াদের কর্মবিরতির জেরে হাসপাতাল পরিষেবা ব্যাহত।

৫) সাম্প্রতিক অশান্তির প্রেক্ষিতে ভারত বাংলাদেশ সীমান্তে পরিস্থিতির ওপর নজর রাখতে কেন্দ্র একটি কমিটি গঠন করেছে।

---

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের মরনত্তর দেহ দান প্রক্রিয়া আজ সম্পন্ন হয়েছে। বিধানসভা ভবন, দলীয় দপ্তর হয়ে সন্ধ্যায় তার শেষ যাত্রা নীলরতন সরকার মেডিকেল কলেজে শেষ হয়। সেখানে বুদ্ধদেব বাবুর মরদেহ চিকিৎসা শাস্ত্রের উন্নতিকল্পে দান করে দেওয়া হয়। আজ সকাল থেকে তার শেষ যাত্রায় সামিল হয়েছেন অগণিত মানুষ। তাদের অকুণ্ঠ শ্রদ্ধা নিবেদনের পাশাপাশি বহু বিশিষ্টজনের স্মৃতিচারণাতেও উঠে এসেছে বুদ্ধদেব ভট্টাচার্যের বর্ণময় ব্যক্তিত্বের কথা।

একটি প্রতিবেদন

------------------------

ঝাড়গ্রাম জেলায় আগামী দিনে আড়াই লক্ষ বাড়িতে পরিশ্রুত পানীয় জল পৌঁছে যাবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। বিশ্ব আদিবাসী দিবসে আজ সেখানে আয়োজিত মূল অনুষ্ঠানে তিনি, আদিবাসী সমাজের উন্নয়নে সরকারী বিভিন্ন প্রকল্পের কথা তিনি তুলে ধরেন। পর্যটনের বিকাশের জন্য ঝাড়োগ্রামে ১০ কোটী টাকা ব্যায়ে টাইগার সাফারি গড়ার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী। ২শো৪৭ কোটি টাকা ব্যায়ে ৪শো ৫৪ টি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন তিনি। (বাইট- মুখ্যমন্ত্রী)

এদিকে, বিভিন্ন জেলা থেকেও বিশ্ব আদিবাসী দিবস পালনের খবর পাওয়া গেছে।

নদীয়ার কল্যানীর সিধু কানু নগর হাই স্কুল প্রাঙ্গণে আজ দিনটি উপলক্ষ্যে আদিবাসী সম্প্রদায়ের গুণী মানুষজনকে সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। শান্তিপুরের রামনগর চর পুরাতন পাড়া এবং ভীমপুর থানার আসাননগরে বের হয় পদযাত্রা। নানান সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই দিন উদযাপন করা হচ্ছে।

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী বিডিও অফিসের মাঠে জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ঝাড়গ্রাম থেকে ভার্চুয়ালি আদিবাসী সমাজের প্রতিনিধিদের হাতে ধামসা মাদলের পাশাপাশি জাতিগত সংশাপত্র ও অন্যান্য সামগ্রী তুলে দেন।

-----------------------

নাগরিকদের মধ্যে দেশপ্রেমের বোধ জাগ্রত করতে আজ থেকে সারা দেশে শুরু হয়েছে দেশে হর ঘর তিরাঙ্গা অভিযান। চলবে ১৫ আগস্ট পর্যন্ত।

অ্যান্থেম

নতুনদিল্লিতে সাংবাদিক সম্মেলনে সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত প্রত্যেক এই কর্মসূচীর অঙ্গ হিসাবে দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন করা, তিরঙ্গার সঙ্গে সেলফি তোলা এবং হর ঘর তিরঙ্গা ওয়েবসাইটে আপলোড করার আহ্বান জানানো হয়েছে। প্রধানমন্ত্রীও এই কর্মসূচীতে সকলকে যোগ দেওয়ার আবেদন জানিয়েছেন।

-----------------------

রাজ্য সরকার আজ যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস উদযাপন করছে। এই উপলক্ষে মহাকরণের বিপরীতে বিনয় বাদল দীনেশের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান মন্ত্রিসভার সদস্য শশী পাঁজা। কলকাতা ময়দানে মাতঙ্গিনী হাজরার মূর্তিতেও মাল্যার্পণ করা হয়।

-----------------------

কলকাতার আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে এক মহিলা ডাক্তারের অস্বাভাবিক মৃত্যুর তদন্তে হাসপাতাল কর্তৃপক্ষ, ১১ সদস্যের এক কমিটি গঠন করেছে। কমিটির চেয়ারপার্সন হিসাবে থাকছেন হাসপাতালের ডিন অফ স্টুডেন্টস ডক্টর বুলবুল মুখোপাধ্যায় এবং আহ্বায়ক রেডিওথেরাপি বিভাগের প্রধান ডক্টর পার্থ দাসগুপ্ত। আজ সকালে জরুরী বিভাগের চারতলার সেমিনার হল থেকে ঐ ডাক্তারের দেহ উদ্ধার হয়। পুলিশ সূত্রে জানা গেছে, সোদপুরের বাসিন্দা স্নাতকোত্তর দ্বিতীয় বর্ষের ওই ছাত্রী গত রাতে হাসপাতালে ডিউটিতে ছিলেন। সকাল সাড়ে এগারোটা নাগাদ এক নিরাপত্তা রক্ষী সেমিনার হলে তাঁর দেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেন। পুলিশ কমিশনার বিনীত গোয়েল সহ হোমিসাইড ও ফরেনসিক দলের আধিকারিক এবং স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম হাসপাতাল যান। নগরপাল জানিয়েছেন, ঘটনার তদন্ত করে দেখা হচ্ছে। মৃতার শরীরে আঘাতের চিহ্ন ছিল বলে ফরেন্সিক বিশেষজ্ঞরা জানিয়েছেন। মেয়েটির পরিবারের পক্ষ থেকে পুলিশে খুনের অভিযোগ দায়ের করা হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মৃতার পরিবারের সঙ্গে টেলিফোনে কথা বলেন। তিনি ঘটনার তদন্তে সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন।

এদিকে, ডাক্তারির স্নাতকোত্তর পড়ুয়ারা এই মৃত্যুর প্রতিবাদে কর্মবিরতি আরম্ভ করেছেন। ফলে ব্যাহত হচ্ছে পরিষেবা। তাঁদের দাবি, মৃতার শরীরে পোষাক অবিন্যস্ত ছিল এবং দেহে আঘাতের চিহ্ন ছিল। ম্যাজিস্ট্রেটের অধীনে তদন্তের দাবিও জানান তাঁরা। চিকিৎসক সংগঠনগুলির যৌথ মঞ্চ, জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরসের পক্ষ থেকেও আজ বিকেলে এই ঘটনার দ্রুত তদন্ত ও দোষীদের শাস্তির দাবিতে বিক্ষোভ দেখানো হয়।

ওয়েস্টবেঙ্গল ডক্টরস ফোরামের পক্ষ থেকেও আজ রাজ্যপাল, মুখ্যসচিব, স্বাস্থ্যসচিব ও পুলিশ কমিশনারকে চিঠি দেওয়া হয়েছে।

ঘটনার পরই বিজেপি, অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এবিভিপি, এইআইডিএসও-র পক্ষ থেকে হাসপাতালের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ জানান, এই ঘটনার প্রকৃত কারণ জানা না গেলে তা স্বাস্থ্য ব্যবস্থার ওপর প্রভাব ফেলবে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনার সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন।

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন, প্রকৃত ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হচ্ছে। তিনি ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানান।

এসইউসিআই কমিউনিস্ট এই অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আগামীকাল রাজ্য জুড়ে প্রতিবাদ দিবসের ডাক দিয়েছে।

প্রদেশ কংগ্রেস মুখপাত্র সৌম্য আইচ রায় এই ঘটনার নিন্দা করে বলেছেন, স্বাস্থ্য দপ্তর এই দায় এড়াতে পারে না।

এদিকে, মৃতার দেহের এখন ময়নাতদন্ত করা হচ্ছে, ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে। করা হচ্ছে ভিডিওগ্রাফিও।

-----------------------

সাম্প্রতিক অশান্তির প্রেক্ষিতে ভারত বাংলাদেশ সীমান্তে পরিস্থিতির উপর নজর রাখতে কেন্দ্রীয় সরকার একটি কমিটি গঠন করেছে। ভারতীয় নাগরিক ও সংখ্যালঘু

সম্প্রদায়ের মানুষ দের নিরাপত্তা সুনিশ্চিত করতে এই কমিটি বাংলাদেশি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে চলবে। সীমান্ত নিরাপত্তা বাহিনী -বিএসএফ এর ইস্টার্ন কম্যান্ড এর অতিরিক্ত মহানির্দেশক কমিটির নেতৃত্বে থাকবেন। দক্ষিণ বঙ্গ ফ্রন্টিয়ার হেডকোয়ার্টারসের আইজি, বাহিনীর ত্রিপুরার আইজি, স্থল বন্দর কর্তৃপক্ষের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের এক সদস্য এবং সচিব এই কমিটিতে থাকছেন।

------------------------ ------------------------